The sketch that Jack drew of Rose wearing the famous necklace in the blockbuster movie "Titanic" was really drawn by director James Cameron. The hands that we see drawing the sketch are really Cameron's. Cameron was also responsible for all the other sketches that were in Jack's sketchbook.

During the making of the movie "Fight Club" actor Brad Pitt chipped his tooth. However, he did not get his tooth capped until after the movie was done filming as he thought it would look better chipped for his character.

Several Spider-man costumes were created at a cost of $100000 each for 2002's Spider-man movie. Four were stolen from the set in early April of 2001 and Columbia Pictures posted a $25,000 reward for their return. The costumes were not returned.

A visual journey with

Roosevelt Azam

On the September 26 last year, Cinemascope held a day-long workshop on the essence and importance of maintaining storyboards during the making of motion pictures. All the participants were above 25 years of age. The workshop was conducted by Roosevelt Isme Azam, an expert storyboard artist who has worked for many popular television commercials in Bangladesh.

The workshop discussed and showed a variety of topics including the importance of storyboard to the artist; quick hand drawing; the demand for storyboard artists in the industry; storyboarding as a career; the struggles associated with creativity; and making a storyboard on an instant short scene.

Necessities of a storyboard

When a story or a concept is being shared or finalised for any particular film production, every individual in the production unit imagines or visualises it in their own ways. But the person responsible for deciding how the film should look on screen is the director. Before going direct into shooting, the sequences and scenes must be divided into small shot divisions. Before going for the shoot, the director has to make the director of photography (DOP) visualise the elements required camera framing, or in other words, how things should look on screen.

But the director will fail if he/she tries to make the DOP understand only with words. The director can do this easily if he/she comes up with visuals sketches or still photographs for describing scenes. For this, the director can himself do the sketching or the photography; or he/she may appoint an artist to do the sketching for him. The director can then insert the directions including camera angles, movements, focal lengths, lighting, alongside the sketches. That is what makes real sense to the DOP.

Quick hand drawing

A storyboard does not need to be very artistic because otherwise storyboarding will take a lot of time. Using basic shapes and forms for creating perspectives is always a good idea.

Demand for storyboard artists

The booming television industry and the number infotainment channels in the country offer a wonderful opportunity for storyboard artists. Many aspiring and talented directors, who have the basic knowledge about filmmaking, are making a lot of films nowadays. Sketchers with relevant academic background are always likely to do better than those who have learnt sketching as a hobby.

Struggles for a storyboard artist

Debates are very normal to spark between the sketch artist

and the director on the set. This is because people have different ways to look at things. It is not always necessary that the artist will have to comply with what the director thinks. Since the director calls the shots for a film, it is better for the sketch artist to listen to what the boss says. Then again, there would always be some directors who would appreciate a good suggestion from the sketcher.

Making a storyboard

The participants at the workshop were asked to choose any random short scene for making an analytical storyboard. The aspects that the participants worked on included camera angles, shot size, point of view, pans and tilts.

SADDAT HOSSAIN

New dilemma for **Cinemagoers**

Continued from **Page 4 Column 3**

– one is the Economy, the other is the Club Royalé. Although both arrangements show you the same films and give 3D viewing, the difference lies in the price of the tickets.

So, there is of course a catch. The price of an Economy ticket is Tk350 and the prices of other tickets range between Tk400-Tk450. If you are looking for something more posh, you are going to the Club Royalé for their luxurious lounge couch seats. These babies will give you an extensive foot-rest movie watching experience Tk 600. Raising the bar higher, they also have VIP lounge couches with private waiting rooms before the show and refreshments to enjoy right from your seats without taking the hassle to go to the counter. To take one of these VIP couches, you will have to pay a staggering Tk1,000. If you want to take foods, they have three food courts to serve from. But the question remains: how do students like us fit in their pricing offers?

I got the chance to talk to Md Masud Parvez, assistant manager of Blockbuster Cinema Hall, and told him about our concern.

"Well, it is the number one Cineplex in the country, you see" – he said with his chin up. "If you look through our pricing range, you can see that we have given similar priority to every group. Club Royalé and the VIP seats are for those who have a classy taste. On the other hand, the Economy seats are for rest of the guests. For students, we have a 10% discount if they show their university or college identity cards" said Parvez.

Balaka Cinema Hall may be the first thing to hit your mind if your wallet is sobbing. But then you will start thinking – well the environment is not up to the mark and above all, there is no 3D!

Well, that gave me some sort of momentary relief, but I wanted to have a first-hand experience of the halls and so he gives me a tour. The Club Royalé was playing "The Chronicles of Narnia: The Voyage of the Dawn Trader"– a smooth movie to watch in smooth style.

Then I went to the economical class to watch "Jurassic Park" in 3D and it was equally awesome. I had a feeling that the 3D glasses and the projections are slightly better than Star Cineplex, though I did not like the seating arrangements with less walking spaces.

Now, you see, the verdict brings you to a little bit of a dilemma. Star Cineplex gives you good movie experience with a moderate ticket price. And they do offer a swelling movie selection. On the other end, you have Blockbuster Cineplex with an upmarket price that comes with even greater offers such as free popcorns, buy one get one ticket free, food discounts, etc and even better seats.

Which one will you choose depends on you, or more importantly, the health of your wallet.

My suggestion? Choose wisely.

ANANTA GOURAB

DHALLYWOOD REVIEW

অরুণোদয়ের অগ্নিসাক্ষী



বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের উপর নির্মিত চলচ্চিত্রগুলোর মধ্যে অন্যতম 'অরুণোদয়ের অগ্নিসাক্ষী'। সমসাময়িক বুদ্ধিজীবিদের কাছে। এমনকি পরিচালক সুভাষ দত্তকেই অনেকে চলচ্চিত্র মাধ্যমের 'অরুণোদয়ের অগ্নিসাক্ষী' বলে ডাকতে আরম্ভ করেছিলেন। ফলে সুভাষ দত্তের মৃত্যুর পর অধিকাংশ পত্রিকাগুলোর শিরোনামও হয়েছিল 'বিদায় অরুণোদয়ের অগ্নিসাক্ষী'। ১৯৭২ সালে নির্মিত এই চলচ্চিত্রটিতে তিনটি প্রধান চরিত্রে অভিনয় করেছেন ববিতা, উজ্জ্বল ও আনোয়ার হোসেন। ছবির গানগুলোর সুর করেছিলেন সুরকার সত্য সাহা। চিত্রগ্রহণ করেছেন কিউ এম জামান।

চলচ্চিত্রটি শুরুর পাঁচ মিনিটের ভিন্ন মাত্রার দৃশ্যায়ন যেকোন দর্শকের মনযোগ আকর্ষণে বাধ্য। গ্রাম বাংলা, নদী-নৌকার অপরূপ নৈসর্গিক রূপের সাথে বাঁশির সুর যখন দর্শকের মনে সবেমাত্র আনন্দ যখন দোলা দিতে শুরু করে, তার ঠিক পরক্ষণেই একটি বৈদ্যুতিক টাওয়ারকে দেখানো হয় ভয়ংকরভাবে। পাশাপাশি আবহ সঙ্গীতের মাধ্যমে সেই আতংকের মাত্রাটা ধরে রাখা হয়। তারপর আবার গ্রাম বাংলার সৌন্দর্য এবং আবার সেই ভয়ংকর বৈদ্যুতিক টাওয়ার। ধীরে ধীরে কদর্য টাওয়ারটি যেন এগিয়ে আসতে থাকে দুর্দমনীয় গতিতে। পুরো দৃশ্যের উপস্থাপনটি হয়ে ওঠে আরও ভয়ংকর। এভাবে গ্রামবাংলা আর বৈদ্যুতিক টাওয়ারের যুগপৎ দৃশ্যায়ন কিছুক্ষণ চলার পর দর্শক মনে সাসপেন্স যখন নিশ্চিত ঠিক তখন বৈদ্যুতিক প্ল্যান্টের দৃশ্যায়ন আর গুলির শব্দ উপস্থাপন করে ভয়ংকর সেই ২৫ মার্চের কালরাত্রিকে। ঠিক তার পরপর অসংখ্য ডালপালাসহ কয়েকটি শুকনো গাছ মূর্ত করে তোলে প্রাণহীন ২৫ মার্চ পরবর্তী বাংলাদেশের প্রাণহীন চিত্রকে। রক্তাক্ত হাতের বজ্রমুষ্ঠিতে ধরা বন্দুক, নেপথ্যে বাংলাদেশের জাতীয় পতাকা দেখা আর নেপথ্য সংগীতে জাতীয় সংগীতের সুরের অবতারণা পুরো বিষয়টিকে পরিস্কার করে তোলে দর্শকদের সামনে।

সেই ভয়ংকর সেই বৈদ্যুতিক টাওয়ার আর বন্দুকসহ হাত বারবার দেখানো হয় এবং সাথে গুলি বোমার শব্দ ফুটিয়ে তোলে চলমান যুদ্ধের ভয়াবহতা। একটু পরই আরেকটি বন্দুকসহ হাতে ভারতের জাতীয় প্রতীক। অর্থাৎ মিত্রবাহিনীর যুদ্ধে অবতারনা। এবং তারপর আবার যুদ্ধ। অবশেষে বৈদ্যুতিক টাওয়ারটি উল্টে গেল। অর্থাৎ পাকিস্তান বাহিনীর পরাজয়। এরপর দেখানো হলো কয়েকটি মুরগী ছানার উপর থেকে একটি খাঁচা সরিয়ে নেয়ার পর মা মুরগীটি দূর থেকে দৌড়ে বাচ্চাদের কাছে আসল। স্বাধীন হলো এদেশ। এদেশের জনগণ মুক্ত হলো। শেষমেষ অভিভাবকের প্রত্যাবর্তণ। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান। তারপর পরই ক্লোজ শটে একটি সদ্যজাত শিশুর ক্রন্দন। তার ওপর ভেসে উঠে সিনেমার নাম 'অরুণোদয়ের অগ্নিসাক্ষী'। পুরো অংশটি মাত্র ৪ মিনিটের। কিন্তু এই অল্প সময়ের মধ্যেই একাত্তুরের পুরো ইতিহাসকে তুলে এনেছেন অনন্য এক সেলুলয়েডিয় চলমান শিল্পের ছোঁয়ায়। মুক্তির প্রাক্কালে অরুণোদয়ের অগ্নিসাক্ষী'র মূল শোগান ছিল "লাঞ্ছিত নারীত্বের মর্যাদা দাও, নিষ্পাপ সন্তানদের বরণ কর...।" ৭১ এ বহু নারী হানাদার পিশাচদের দ্বারা লাঞ্ছিত হয়েছিলেন। এর ফলস্বরূপ যে নিষ্পাপ শিশুটি এদেশের মুক্ত বাতাসে জন্মেছিল তার কোনও দোষ থাকতে পারে না। সেই নারীও কোন দিক থেকেই দোষী সাব্যস্ত হতে পারে না। তারা বীরাঙ্গনা। তারাও মুক্তিযোদ্ধা। এই বক্তব্যটিই বোধ হয় পরিচালক সুভাষ দত্ত যুদ্ধ পরবর্তী সময়ে এদেশের মানুষকে দিতে চেয়েছিলেন। তাইতো শেষ দৃশ্যে ছবির গুরুত্বপূর্ণ চরিত্র রোমেনা যখন বলে, "এই পোলা হওনের আগে বাবচিলাম ও জন্মাইবার লগে লগে ওর গলা টিপ্পা মাইরা ফালামু। কিন্তু যহন ও অইল..., আমি মা অইলাম তহন আর পারলাম না।" তখন আনোয়ার হোসেন বাচ্চাটিকে কোলে নিয়ে আদর করে রোমেনাকে বলেন, "চল রোমেনা আমরা এই সন্তানকে বুকে নিয়ে সমাজের দ্বারে দ্বারে ঘুরি। অসংখ্যকে বলি এই লাঞ্ছিত নারীকে মর্যাদা দিতে তোমরা কুণ্ঠিত হইয়ো না। নতুন সুর্যের আলোয় সদ্য ফোটা ফুলের হাসি ফুটুক। দেশের নবনির্মিতিতে এক দিকে এরাও হবে শরীক। স্বাধীন দেশের স্বাধীন নাগরিক। হে পৃথিবী, এ নিষ্পাপ সন্তানদের তোমরা বরণ করো।"

এই চলচ্চিত্রের অন্যতম দিক ছিল গল্পের ভিতরে গল্প ব্যাপারটি। মুক্তিযুদ্ধের মতো বিশাল একটি বিষয়কে একটি মাত্র সিনেমার গল্প হিসেবে পুরোপুরি তুলে আনা প্রায় অসম্ভব। এ ছবিতে যেমন ছিল

বীরাঙ্গনার গল্প তেমনি ছিল ভালোবাসার গল্প, সেই ভালোবাসায় যেমন প্রোটাগনিস্ট (উজ্জল-ববিতা) ছিল, তেমনি এন্টাগনিস্ট (আহমেদ শরীফ) ও উপস্থিত ছিল। আবার এন্টাগনিস্ট কে নাটকীয়ভাবে প্রোটাগনিস্টে নিয়ে আসা ছিল হাততালি দেয়ার মতো ব্যাপার। নাটকীয়তা আরো লক্ষ্য করা যায় আনোয়ার হোসেনকে নিয়ে যে অন্তর্নিহিত গল্প আছে তার মধ্যে। আনোয়ার হোসেন এ ছবিতে অভিনেতা আনোয়ার হোসেন হিসেবেই ছিলেন। এবং গল্পকার বা পরিচালক তাকে শুরু থেকে শেষ অব্দি একজন প্রোটাগনিস্ট হিসেবে দেখালেও গল্পের মাঝে দেশের একজন সুপারনায়ক ভীতুর মতো মুক্তিযুদ্ধে যোগ

না দিয়ে কলকাতায় পালিয়ে তাস পেটানোতে মত্ত ছিলেন বিধায় গল্পের ঐ অংশে দর্শক মনে সে এন্টাগনিস্ট হিসেবেই বিবেচিত হবেন। তবে শেষে দেশ স্বাধীন হওয়ার পর বিবেকের দংশনে দংশিত হতে থাকলে আনোয়ার হোসেন চরিত্রটি আবারো নাটকীয়ভাবে দর্শকের কাছে প্রোটাগনিস্ট হয়ে উঠে, যা সত্যিই চোখে পড়ার মত।

এ ছবিতে যারা অভিনয় করেছেন তাদের অভিনয় নিয়ে মন্তব্য করাটা দুঃসাহসিকতা। বীরাঙ্গনার চরিত্রে ববিতা যেমন অনবদ্য অভিনয় করেছেন তেমনি আনোয়ার হোসেন থেকে শুরু করে খোকন, মাসুদরাও স্বস্ব চরিত্রে ছিলেন উজ্জ্বল। তাছাড়া এই ছবিতে চলচ্চিত্রকার সুভাষ

দত্ত নিজেও অভিনয় করেছেন। মোদ্দাকথা চরিত্রগুলোকে যথার্থভাবে রূপায়ন করা হয়েছে অত্যন্ত সার্থকভাবে। এ ছবির চিত্রগ্রহণ অতোটা দীপ্তিময় হয়নি বলেই বোধ হয়েছে আমার কাছে। প্রয়োজনের অতিরিক্ত প্যানিং এবং



টিল্টিং শট ব্যবহৃত হয়েছে, যা একজন সাধারণ দর্শক হিসেবে আমার কাছে দৃশ্য বিড়ম্বনার কারণ বলে মনে হয়েছে। কিছু কিছু ফ্রেমিং অসাধারণ হলেও কিছু কিছু অতোটা মনে ধরেনি।

চলচ্চিত্রের মতো দর্শকের মধ্যেও কিছু এন্টাগনিস্ট আছে। যারা আলোচনার সময় প্রায়শই 'গল্পটা আরেকটু এ রকম হলে ভালো হতো' টাইপ মন্তব্য করে থাকেন, তারাই বোধ হয় ইন্টারনেট, পত্রপত্রিকায় বলাবলি করেছিল- "রোমেনা চরিত্রের মাধ্যমে বাঙালী নারীর মার্যাদাকে ক্ষুন্ন করা হয়েছে। মুক্তিযুদ্ধে পুরুষের পাশে নারীকে দুর্বল ও নির্ভরশীল চরিত্রে রূপায়ণের ফলে তার সাহসী ভূমিকা

প্রশ্নবিদ্ধ হয়েছে। গল্পকার বা পরিচালক গল্পটি করতে গিয়ে তাদের ব্যাক্তিগত আবেগ দ্বারা প্রভাবিত হয়েছেন।" তবে আমার মতে পরিচালক যদি তা করেই থাকেন তো বেশ করেছেন। আবেগ না থাকলে গল্প হয় না। আর আবেগ তো ব্যক্তিগতই হবে। আপনার আবেগ নিয়ে পরিচালক সবসময় ছবি বানাবেন, এমনটা আশা করা হয়তো উচিৎ না। যদি বলেন জাতীয় স্বার্থ বিবেচনার কথা তাহলেও গল্প শতভাগ ঠিক আছে। যুদ্ধ পরবর্তী বছরের সমাজে তখন এই বীরাঙ্গনা নারীরা যখন কি করা উচিত ভেবে পাচ্ছিল না তখন এই নারীদেরকে অরুণোদয়ের অগ্নিসাক্ষী যেমন সাহস দিয়েছে তেমনি দিয়েছে সম্মান। নারীর মর্যাদা ক্ষুন্ন হয় এমন কিছু হয়েছে বোধ করি না।

জাহিদ গগণ

বাংলা সিনেমা'র অতীত, বর্তমান ও সম্ভাব্য ভবিষ্যত

পৃষ্ঠা ৫ এর পর

মতে 'বিকল্প' ধারা বলে কিছু নেই, বিকল্পছবি নির্মাতাদের আরেক দল তখন আত্মতুষ্টিতে সিনেমা বানানোর বাণী প্রচারে ব্যস্ত। সেই সুযোগে নাচগানে ভরপুর বাণিজ্যিক ছবির নির্মাতারও তথাকথিত সেসব 'বিকল্প' ধারার নির্মাতাদের যোগ্যতাকে করেন প্রশ্নবিদ্ধ। সম্ভবত চলচ্চিত্র শিল্পে এতোগুলো মোটাদাগের ঘরাণার অন্তর্দন্দেই সুযোগ নেয় কিছু অর্থলোভী মহল। কখনো কাটপিসে কখনোবা পুরোদস্তুর অশ্লীল ছবির বদৌলতে। তারেক মাসুদ ও তার স্ত্রী ক্যাথরিন মাসুদ নির্মিত 'রানওয়ে', 'অন্তর্যাত্রা', 'মাটির ময়না', 'মুক্তির গান'; মোস্তফা সরয়ার ফারুকী নির্মিত 'ব্যাচেলর', 'থার্ড পারসন সিঙ্গুলার নাম্বার', 'মেড ইন বাংলাদেশ'; গিয়াস উদ্দিন সেলিম নির্মিত 'মনপুরা', নাসির উদ্দিনী ইউসুফ বাচ্চু নির্মীত 'গেরিলা'র মতো সিনেমাগুলো সাধারণ মানুষকে তৈরি করে দিয়েছে একটা আলাদা ভাবনার বিশ্ব। তারেক মাসুদ নির্মিত 'মাটির ময়না' বাংলাদেশের ইতিহাসে প্রথম অস্কার পুরস্কারের জন্যে মনোনীত হলেও শেষ পর্যন্ত পুরস্কার জিততে সমর্থ না হয়েও বাংলাদেশের চলচ্চিত্র ইতিহাসে রচনা করে নতুন এক অধ্যায়। যুক্ত হয় নতুন এক সম্ভাবনা। অন্যদিকে পুরোদমে বাণিজ্যিক ছবির ক্ষেত্রটাতেও ডিজিটালাইজেশনের প্রভাবে বেশ সংখ্যক নতুন মুখের পদচারনা নির্মাতা-প্রযোজনা আর অভিনয়ের কাতারে দেখা মিললেও স্বকীয়তার অভাবে আর অনেকক্ষেত্রে অনুকরণ প্রিয়তার জন্যে কালের অকাল গর্ভে হারিয়ে যাচ্ছে নতুন অনেক প্রতিভা।

বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে জাতি গঠনে চলচ্চিত্রের ভূমিকা অনেক। ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্যের পাশাপাশি সমসাময়িক সামাজিক সমস্যাগুলো তুলে ধরার মাধ্যম হিসেবে চলচ্চিত্রের গুরুত্ব অপরিসীম। তাই শুধুমাত্র ব্যবসায়িক চিন্তাধারাই নয়, সৃজনশীলতা ও মার্জিত রুচিবোধের পরিচয় দিয়ে চলচ্চিত্র তৈরির মাধ্যমেই বাংলাদেশের চলচ্চিত্রের অতীত ঐতিহ্য ফিরিয়ে আনতে হবে। আর তেমনটা করতে হলে বিকল্প আর বাণিজ্যিক এই দুই ধারার যুগপৎ প্রচেষ্টাই সম্ভবত পারে সেই কাঙ্খিত দিনের আলো দেখাতে। চেষ্টা যখন উত্তরণের তখন ভেদাভেদ ভুলে সম্ভবত ঐক্যের সঙ্গে অগ্রণী হবার চেষ্টাটাই সবার মধ্যে থাকা সবচেয়ে জরুরী।

ইশরাত জেরিন

অনন্ত জলিল সমাচার

পৃষ্ঠা ৭ এর পর

যদি দক্ষিণ ভারতে দেবতুল্য হতে পারেন, অনন্ত তাহলে আর যা-ই হোক, বিদ্রুপের পাত্র হতে পারেন না। অনন্ত যেটুকু সাফল্য পেয়েছেন, তার প্রশংসা করা উচিত। তাঁর কাছে আরও ভালো কিছুর প্রত্যাশা আমরা ব্যক্ত করতে পারি। কিন্তু তাঁকে ক্লাউন ভেবে নিয়ে অসুস্থ আত্মতৃপ্তি পাওয়ার প্রয়োজন আছে কি? আমাদের একজন মন্ত্রী শাহরুখ খানের মতো মেলোড্রামা ধাচের অভিনেতার অনুষ্ঠান দেখার জন্য গদগদ হয়ে মাটিতে বসে পড়েছিলেন। হাসি-ঠাট্টা করলে এ ধরনের লোকদের নিয়ে করাটাই ভালো, অনন্তকে নিয়ে নয়। অনন্ত এ দেশের সন্তান। তাঁকে অসহ্য মনে হলে বর্জন করুন। কিন্তু তাঁকে একজন অদ্ভুত আগন্তুকের মতো ধরে নিয়ে এমন ঠাট্টা-মশকরা করারটাও খুব একটা মানসিক সুস্থ্যতা নির্দেশ করে না। অনন্ত সিনেমায় যা করেন, তার চেয়ে অনেক উদ্ভট, অবিশ্বাস্য ও অরুচিকর কাণ্ড ঘটান এ দেশের অনেক রথী-মহারথী। আমাদের চারপাশে দাপট দেখিয়ে বেড়াচ্ছেন অসংখ্য অনন্তজলিল। তাঁদের সবকিছু মেনে নিয়ে এক অনন্তকে ছিঁড়েখুঁড়ে ফেলা অদ্ভুত এক স্ববিরোধিতা ছাড়া অন্য কিছু নয়।

দাউদ অর রশিদ

বাংলাদেশী স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্রের আদ্যোপান্ত

পৃষ্ঠা ১৭ এর পর

শুরু করা হয়। এ ধরণের চলচ্চিত্রে সময় ও অর্থ দুটিই কম লাগে। পাশাপাশি ক্ষুদ্র পরিসরেই অনেকের কাছে পৌঁছানো যায়। ১৯৮৬ সালে চলচ্চিত্রকার সমাজ অনুভব করেন সম্মিলিত হওয়ার গুরুত্ব। যেখান থেকে যাত্রা শুরু বাংলাদেশ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ফোরামের।

ফোরামে সদস্যদের মধ্যে ছিলেন তারেক মাসুদ, তানভীর মোকাম্মেল, মোরশেদুল ইসলাম, তারেক শাহরিয়ার, শামীম আক্তার, নুরুল আলম আতিক, রাশেদ চৌধুরী প্রমুখ। বাংলাদেশ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ফোরামের বর্তমান অফিসের অবস্থান শাহবাগ। ফোরামটি অসংখ্য স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেছে আজ অব্দি। এছাড়াও বিভিন্ন সময় এখানে আয়োজন করা হয় চলচ্চিত্র নির্মাণ বিষয়ক সেমিনার ও কর্মশালার।

ফোরামের আয়োজনে প্রথম স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসবের চেয়ারম্যান হিসেবে দায়িত্বপালন করেন দেশের খ্যাতিমান চলচ্চিত্র নির্মাতা আলমগীর কবীর। প্রথম উৎসব লোগোটির নকশা করেছিলেন চিত্রশিল্পী শিশির ভট্টাচার্য। উৎসবের প্রথমবারের আয়োজনে দেখানো হয়েছিল ৩০ টি দেশের ২৫০ টি ছবি। এরপর থেকে প্রতি দু'বছর পরপর নিয়মিতভাবে এই উৎসবটি পালিত হয়ে আসছে। উৎসবের মুল আয়োজনস্থল কেন্দ্রীয় গণগ্রন্থাগার মিলনায়তন হলেও, জাতীয় জাদুঘর, শিল্পকলা একাডেমি, রাশিয়ান সংস্কৃতিচর্চা কেন্দ্র ও ব্রিটিশ কাউন্সিলেও চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। ভাষা, সংস্কৃতি, জাতি, ধর্ম, শ্রেণী নির্বিশেষে সকল চলচ্চিত্রপ্রেমীর জন্য এই চলচ্চিত্র উৎসব হয়ে ওঠে এক অনন্য মিলনমেলা।

নাহিয়ান মুনতাসির

বাংলাদেশী স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্রের আদ্যোপান্ত

১৩ তম স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসব উপলক্ষ্যে ফোরামের আয়োজনে সংবাদ সম্মেলন

'মুক্ত চলচ্চিত্র, মুক্ত প্রকাশ' এ শ্লোগানে মন্ত্রমুগ্ধ হয়ে আজ থেকে ২৫ বছর আগে আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্য ও মুক্ত চলচ্চিত্র উৎসবটি এই উপমহাদেশের প্রথম স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব হিসাবে ১৯৮৮ সালে যাত্রা শুরু করে। ১৯৯০ এর আগে থেকেই বাংলাদেশি চলচ্চিত্রকারেরা চলচ্চিত্রে নতুন নতুন ধারা সংযোজনের চেষ্টা চালান। এসময় বাংলাদেশি চলচ্চিত্রে শৈল্পিক ও সাংস্কৃতিক দিকগুলি সামাজিক ছবিতে ফুটে উঠতে থাকে। এসময় হঠাৎ করেই বাণিজ্যিক চলচ্চিত্র জনপ্রিয় হয়ে ওঠে। ধীরে ধীরে তা পূর্বের চলচ্চিত্রগুলোর গ্রহণযোগ্যতাকে ছাড়িয়ে যায়। ১৯৭১ এর পর অনেকেই আশা করেছিলেন নুতন মাত্রার চলচ্চিত্রের। কিন্তু গুটিকয়েক মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্রের পর বাণিজ্যিক চলচ্চিত্র পুরো স্থানটি দখল করে নেয়। এসময় বাংলাদেশের প্রখ্যাত চলচ্চিত্রকারেরা বাংলাদেশি চলচ্চিত্রকে বিশ্বদরবারে পরিচিত করার বিভিন্ন চেষ্টা করতে থাকেন। কিন্তু অর্থনৈতিক সাবলম্বিতার অভাব অন্যতম প্রধান অন্তরায় হয়ে দাঁড়ায়। এসময় আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র মাথা তুলে দাঁড়ায়। ১৬ মিঃমিঃ ফিল্ম এর দাম কম হওয়ায় প্রথমবার এটি পরীক্ষামূলক ভাবে

বাকি অংশ পৃষ্ঠা ১৬ কলাম ৩

We will forever miss you Sir!

Tareque Masud was a visionary filmmaker. He portrayed ordinary people in extraordinary stories. Tareque Masud's educational life started in a Madrasa, where he went up to the age of 15. After that, he joined a co-educational English medium college. So his works have versatile characters in them from virtually every corner of the society. Themes such as religion, poverty, feminism, nationalism and relationships play key roles in his storytelling and characterisation. In almost all of his films, he portrayed the orthodox face of Islam in our society. He showed how the rigid intentions towards Islam in our society have become a part of it itself, where many things are accepted and also ignored in the name of religion. This goes for his female characters as well. In his films, feminism is represented with independent and caring emotions. Women, in Tareque Masud's eyes, should have free thinking and ability to work rather than locked away in household chores.

Two of Tareque Masud's greatest works are "Matir Moyna" and "Runway," where he tells two different stories from different times, but they

are similar in terms of social norms, cultural values and simplicity of storytelling. All of his films demonstrate brave vision about our country and society and how he depicted his thoughts through his genius works.

Tareque Masud's first full-length feature film Matir Moyna debuted at the Cannes Film Festival. He derived inspiration from this film from his own childhood experiences. He won the International Critic's Award at the Cannes in 2002 for this film and the FIPRESCI Prize for Directors' Fortnight for "its authentic, moving and delicate portrayal of a country struggling for its democratic rights." Matir Moyna was received with critical praise and toured the international circuit. It was one of the first Bangladeshi films to be widely circulated and was greeted with enthusiasm for its realistic depiction of life without the melodrama that is prevalent in many other South Asian films.

The story of Tareque Masud's last ever film Runway revolves a poor migrated family living in the outskirts of the airport in Dhaka and young Ruhul, who lives with his family in a small hut next to the runway. His mother Rahima struggles to support the family by selling milk from a cow bought with a micro credit loan. His sister Fatima works long hours in a garment factory. There has been no word from their father for over a month, since he left for a job in the Middle East. But the story is not confined to the poverty of the four-member family. It also focuses on the country's ongoing socio-economic and political situation and reveals the reasons behind the spreading of the Islamic fanatic movement across the country.

A madrasa dropout, Ruhul spends his days wandering under the shadow of the planes, aimless and frustrated in his futile efforts to find work. One day at a cyber café he meets Arif, a computer savvy young man who exudes confidence and a sense of purpose. The world Arif introduces him to seem inspiring and new, but eventually Ruhul's life spirals into an evil world of intolerance, violence and ultimately death of Arif. The director describes in the film how aimless and frustrated Ruhul gets involved with the so-called Jehadist movements. After some bloody attacks, Ruhul leaves the gang and realises his mistakes.

Tareque Masud wanted to show that not only national but international socio-economic and political struggles could also change the life of a simple boy, forcing him to become an Islamic extremist and how this affects the condition of his family.

ANANTA GOURAB



DIRECTORS' QUOTE

Steven Spielberg

"People have forgotten how to tell a story. Stories don't have a middle or an end any more. They usually have a beginning that never stops beginning."

Stanley Kubrick

"A film is–or should be–more like music than like fiction. It should be a progression of moods and feelings. The theme, what's behind the emotion, the meaning, all that comes later."

George Lucas

"By having a really good understanding of history, literature, psychology, sciences – is very, very important to actually being able to make movies."

Ingmar Bergman

"No art passes our conscience in the way film does, and goes directly to our feelings, deep down into the dark rooms of our souls."

Sam Fuller

"Film is a battleground."

Alfred Hitchcock

"Drama is life with the dull bits cut out."

Christopher Nolan

"I think audiences get too comfortable and familiar in today's movies. They believe everything they're hearing and seeing. I like to shake that up."

Darren Aronofsky

"I couldn't sleep one night and I was sitting in my office and I realized that I was an independent filmmaker."

Ridley Scott

"People say I pay too much attention to the look of a movie but for God's sake, I'm not producing a Radio 4 Play for Today, I'm making a movie that people are going to look at."

Jean-Luc Godard

"Photography is truth. The cinema is truth twenty-four times per second."

Richard Linklater

"I think may be making films is something innate you can't really teach to begin with."

Francis Ford Coppola

"There's nothing creative about living within your means."

ULAB
UNIVERSITY OF LIBERAL ARTS
BANGLADESH

House: 56, Road: 4/A (Satmasjid Road), Dhanmondi, Dhaka-1209.
Phone: +880 2 9661301, +880 2 9661255, Fax: +880 2 9670931
Email: info@ulab.edu.bd, Web: www.ulab.edu.bd